দৈনিক ইত্তেফাক

172

তারিখ ... ... SEP 12 1992
পৃষ্ঠা 4 কলাম 1 ....

## শিক্ষামন্ত্রী সমীপে

বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের বেতনের সরকারী অংশ চট্টগ্রাম বিভাগে জনতা ব্যাংকের মাধ্যমে বিতরণ করা হয়। কুমিল্লা জেলার জনতা ব্যাংক লাকসাম শাখার মাধ্যমে লাকসাম ও নাঙ্গলকোট এই দুই উপজেলার শতাধিক শিক্ষা প্রতিষ্ঠানের বেতন-ভাতা বিতরণ করা হইয়া থাকে। লাকসাম বাইশটি ইউনিয়ন এবং নাঙ্গলকোট এগারোটি ইউনিয়ন নিয়া গঠিত। এই উপজেলা দুইটির বেসরকারী শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা বিতরণে জনতা ব্যাংক, লাকসাম শাখাকে যেমন হিমশিম খাইতে হয়, তেমনি শিক্ষক-কর্মচারীদের দুর্ভোগ পোহাইতে হয়। এমতাবস্থায়, দুর্ভোগ লাঘবে নাঙ্গলকোটে আরও একটি জনতা ব্যাংকের শাখা স্থাপন কিংবা এখানে অবস্থিত সোনালী ব্যাংক হইতেও যাহাতে বেতন-ভাতা উত্তোলন করা যায় সে ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের দৃষ্টি কামনা করিতেছি।

মাওলানা নুরুন্নবী রহমানী,
প্রভাষক, মৌকারা মাদ্রাসা,
নাঙ্গলকোট, কুমিল্লা।

॥ ২ ॥

১৯৯১-৯২ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম ব্যাচ হিসাবে ডিগ্রী (পাস) পরীক্ষায় অংশগ্রহণার্থীদের ক্ষেত্রে পরবর্তী শিক্ষাবর্ষগুলির মত মান উন্নয়ন পরীক্ষা দেওয়ার সুযোগ রাখা হয় নাই। ফলে উক্ত শিক্ষাবর্ষের অনেক ছাত্র-ছাত্রী উচ্চ শিক্ষা লাভের সুযোগ হইতে বঞ্চিত। এমতাবস্থায় উক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের মান উন্নয়ন পরীক্ষা দিবার সুযোগ দানের জন্য প্রয়োজনীয় উদ্যোগ নিতে মাননীয় শিক্ষামন্ত্রীর নিকট বিনীত আবেদন জানাইতেছি।

মোঃ আনিছুর রহমান,
গ্রাম ও ডাকঃ মহম্মদপুর,
জেলাঃ মাগুরা।